

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৫৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

আরবী

وَعَن شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي صَلَاتِهِ: اللَّهُمَّ إِنِّي أَسَأَلُكَ الثَّبَات فِي الْأَمر والعزيمة عَلَى الرُّشْدِ وَأَسْأَلُكَ شُكْرَ نِعْمَتِكَ وَحُسْنَ عِبَادَتِكَ وَأُسْأَلُكَ شُكْرَ نِعْمَتِكَ وَحُسْنَ عِبَادَتِكَ وَأَسْأَلُكَ مَنْ خَيْرِ مَا تَعْلَمُ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا تَعْلَمُ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِ مَا تَعْلَمُ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا تَعْلَمُ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا تَعْلَمُ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا تَعْلَمُ وَالَّالَاقُونُ لِكَ اللَّهُ عَلْمُ وَالْعَنْ اللَّهُ عَلْمُ وَالْعَنْ لَا لَكُونُ لَهُ اللَّهُ اللَّهُ عَلْمُ وَالْعَنْ لَا لَا لَا لَا لَكُونُ لُولُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَلَا لَهُ اللَّهُ اللْعُلُولُ اللَّهُ اللللْهُ اللَّهُ اللللللِّهُ الللللللَّهُ اللَّهُ اللللللِّهُ الللللللِّهُ

বাংলা

৯৫৫-[১৭] শাদ্দাদ ইবনু আওস (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম তাঁর সালাতে এ দু'আ পাঠ করতেন,

''আল্লা-হুম্মা ইনী আস্আলুকাস্ সাবা-তা ফিল আমরি ওয়াল 'আযীমাতা 'আলার্ রুশদি, ওয়া আস্আলুকা শুকরা নি'মাতিকা ওয়া হুসনা 'ইবা-দাতিকা, ওয়া আস্আলুকা কলবান সালীমান ওয়ালিসা-নান স-দিকান ওয়া আস্আলুকা মিন খয়রি মা- তা'লামু, ওয়া আ'উযুবিকা মিন শাররি মা- তা'লামু, ওয়া আসতাগফিরুকা লিমা- তা'লামু''

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার নিকট কাজের স্থায়িত্ব ও সৎপথে দৃঢ় থাকার আবেদন জানাচ্ছি। তোমার নি'আমাতের শুক্র ও তোমার 'ইবাদাত উত্তমভাবে করার শক্তির জন্যও আমি তোমার কাছে দু'আ করছি। সরল মন ও সত্য কথা বলার জন্যও আমি প্রার্থনা জানাচ্ছি। আমি তোমার কাছে প্রার্থনা করি তুমি যা ভালো বলে জান। আমি তোমার কাছে প্রসব হতে পানাহ চাই যা তুমি আমার জন্য মন্দ বলে জানো। সর্বশেষ আমি তোমার কাছে ক্ষমা চাই আমার সে সকল অপরাধের জন্য যা তুমি জানো।)। (নাসায়ী)[1]

আহমাদও অনুরূপ বর্ণনা করেছেন।

ফুটনোট

[1] য'ঈফ: নাসায়ী ১৩০৪, তামামুল মিন্নাহ ২২৫ পৃঃ। নাসায়ী হাদীসটি শাদ্দাদ থেকে আবুল 'আলা-এর সূত্রে বর্ণনা করেছেন আর এ সানাদটি মুনকৃত্বি' (বিচ্ছিন্ন) যা আহমাদ বর্ণনা করেছেন। তিনি (আহমাদ) হাদীসটি শাদ্দাদ



থেকে হানযালী তার থেকে আবুল 'আলা এর সূত্রে বর্ণনা করেছেন। আলবানী (রহঃ) বলেনঃ হানযালীকে আমি চিনি না। হাফিয ইবনু হাজার (রহঃ) তাকে ঐ সকল রাবীদের অন্তর্ভুক্ত করেছেন যাদের নাম জানা যায় না তবে বংশ পরিচিতি জানা যায়। তার ব্যাপারে তিনি কোন প্রশংসা বা ক্রটি বর্ণনা করেননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম শাওকানী (রহঃ) বলেন, এ দু'আ সালাতে 'আম্ তথা অনির্ধারিতভাবে নির্দিষ্ট কোন স্থানের জন্য খাস না।

আমি (ভাষ্যকার) বলি, আহমাদ-এর রিওয়ায়াত আছে, "এ সমস্ত দু'আ আমাদের সালাতে অথবা সালাতের শেষে পডা।"

وَاللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ النَّبَاتُ فِي الْأَمْرِ) তথা দীনের সকল কাজে যেন সর্বদাই অঁটুট থাকতে পারি এবং তার উপর প্রতিষ্ঠিত থাকতে পারি।

'আল্লামা শাওকানী বলেনঃ কাজে সুদৃঢ় থাকার আবেদন যেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্বল্প বাক্যের মধ্যে অনেক বাক্যের সমষ্টিতুল্য, কেননা আল্লাহ যাকে কর্মে সুদৃঢ় রাখেন তাকে ধ্বংসাত্মক কাজে পতিত হওয়া হতে বেঁচে থাকবে আর এমন অনৈতিক কর্মকান্ড জড়িয়ে পড়বে না যা আল্লাহ অপছন্দ করেন।

وَالْعَزِيْمَةَ عَلَى الرُّشْدِ) সৎ পথে চলার সুদৃঢ়তা, এর সঠিক অর্থ সত্য পথের উপর প্রতিষ্ঠিত থাকা। সঠিক পথকে আঁকড়িয়ে ধরা ও অবিচল থাকা। যেমন- তিরমিযীর বর্ণনা (أَسْأَلُكَ عَزِيْمَةُ الرُّشْدِ) আমি আপনার কাছে কামনা করছি সঠিক পথের দৃঢ়তা; এর অর্থ প্রচেষ্টা করা, হিদায়াতের কর্মে যাতে সে তার প্রতিটি কাজ সে পূর্ণ করতে পারে।

وَأَسْأَلُكُ شُكْرَ نَعْمَتُكَ) তথা তোমার নি'আমাতের কৃতজ্ঞতা প্রকাশের তাওফীক্ব কামনা করছি।

(وَحُسْنَ عِبَادَتك) আর তোমার 'ইবাদাত তোমার সম্ভুষ্টি অর্জনের উপর করতে পারি।

(وَأَسْأَلُكَ قَلْبًا سَلِيْمًا) তোমার কাছে পরিচ্ছন্ন হৃদয় কামনা করছি তথা সকল প্রকার বাতিল 'আক্কীদাহ্ বা চিন্তা-চেতনা, বিশ্বাস হতে আর কুপ্রবৃত্তির আকর্ষণ হতে।

(وَلِسَانًا صَادقًا) জিহবা সংরক্ষিত হয় মিথ্যা হতে।

(وَأَسْأَلُكَ مِنْ خَيْر مَا تَعْلَمُ) आत कलाा कामना कति या जूमि जाता।

إِنَّكَ أَنْتَ) या তুমি জান পাপ কাজ ও 'আমলে কমতি আর তিরমিয়ী অতিরিক্ত করেছে (وَأَسْتَغْفِرُكَ لِمَا تَعْلَمُ إِنَّكَ أَنْتَ) निশ্চয় আপনি গায়েবের বিষয় অধিক জানেন।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন